# জাতীয় নির্বাচনে ১৫০ পর্যবেক্ষক পাঠাতে প্রস্তুত ইইউ: ইসি সচিব



সংগৃহীত ছবি

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সার্বিক পরিস্থিতি মূল্যায়নের জন্য ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ১৫০ জন আন্তর্জাতিক পর্যবেক্ষক পাঠাতে আগ্রহ প্রকাশ করেছে। তফসিল ঘোষণার পর পর্যবেক্ষকরা ধাপে ধাপে আসবেন এবং নির্বাচনের ফলাফল প্রকাশ পর্যন্ত অবস্থান করবেন। এ বিষয়ে ইইউ, নির্বাচন কমিশন (ইসি) ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে একটি ত্রিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হবে।

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ১৫০ জন আন্তর্জাতিক পর্যবেক্ষক পাঠাতে চায়। নির্বাচনের সার্বিক কার্যক্রম, ভোটগ্রহণ প্রক্রিয়া থেকে শুরু করে ফলাফল ঘোষণার গেজেট পর্যন্ত পুরো বিষয়টি মূল্যায়ন করাই তাদের মূল লক্ষ্য। এজন্য ইইউ, নির্বাচন কমিশন (ইসি) এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে একটি ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হবে।

LENS ASIA

সোমবার (২৯ সেপ্টেম্বর) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ইইউ'র প্রাক-নির্বাচনী বিশেষজ্ঞ দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক শেষে এ তথ্য জানান ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ।
তিনি বলেন, পর্যবেক্ষকরা একসঙ্গে আসবেন না, বরং তফসিল ঘোষণার পর থেকে বিভিন্ন সময়ে ভাগ হয়ে বাংলাদেশে আসবেন।

ক

আখতার আহমেদ আরও জানান, প্রতিনিধি দল জানতে চেয়েছে—তারা ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন কি না, গোপন কক্ষে প্রবেশের অনুমতি পাবেন কি না, এবং ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন কি না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা দেওয়া হয়েছে।

তিনি বলেন, "টিমটি আমাদের ভোটার তালিকা হালনাগাদ, নতুন ভোটার অন্তর্ভুক্তি ও সার্বিক প্রস্তুতি দেখে সন্তোষ প্রকাশ করেছে। তারা সবকিছু ঘুরে দেখেছেন এবং জানিয়েছেন সামনে আবারও একটি দল আসবে।"